# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪১৮

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

## আরবী

وَعَنِ ابْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ أَنَّ النَّجَاشِيَّ أَهْدَى إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُفَّيْنِ أَسْوَدَيْنِ سَاذَجَيْنِ فَلَبِسَهُمَا. رَوَاهُ ابْنُ مَاجَهْ. وَزَادَ التِّرْمِذِيُّ عَنِ ابْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ: ثُمَّ تَوَضَّأَ وَمسح عَلَيْهِمَا
هَذَا الْبَاب خَال من الْفَصْل الثَّالِث

## বাংলা

৪৪১৮-[১২] ইবনু বুরয়দাহ্ (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। (হাবশার রাজা) নাজাশী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে দু’খানা সাদাসিধে কালো মোজা হাদিয়া দিয়েছিলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তা পরিধান করেছেন। (ইবনু মাজাহ) [1]

আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) ইবনু বুরয়দাহ্ হতে তিনি তাঁর পিতা হতে অতিরিক্ত বর্ণনা করেছেন, অতঃপর তিনি উযূ করেন এবং ঐ মোজাদ্বয়ের উপর মাসেহ করেন।

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২৮২০, ইবনু মাজাহ ৫৪৪৯, আবূ দাঊদ ১৫৫, মুসনাদে আহমাদ ২২৯৮১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৩৯৪, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ১৮৬২।

-

[এ অধ্যায়ে তৃতীয় অনুচ্ছেদ নেই]

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আলোচ্য হাদীসে (سَاذَجَيْنِ) বলতে এমন মোজা বুঝানো হয়েছে, যা নকশা করা নয় এবং এক কালারের ও লোম থেকে মুক্ত। ইবন হিব্বানে রয়েছে যে, নাজাশী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বরাবর একটি চিঠি লিখেছিলেন তাতে তিনি উল্লেখ করেছিলেন, হে মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)! আমি আপনার সাথে আপনার নিজ সম্প্রদায়ের যে আপনার দীনের উপর রয়েছে, তাকে আমি আপনার সঙ্গে বিবাহ দিলাম। যার নাম উম্মু হাববীবাহ্ বিনতু আবী সুফ্ইয়ান এবং আমি আপনাকে সামগ্রিক কিছু উপঢৌকন, যথাক্রমে- জামা, কুর্তা ও রুমাল এবং দু'টি সাদাসিধে মোজা পাঠিয়ে দিলাম। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা পরিধান করলেন এবং উযূ করে দু' মোজার উপর মাসেহ করলেন। (তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবনু বুরয়দাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75142

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন